# Times Today BD

জেলা প্রতিনিধি | ঢাকা | 15 April, 2025

ফিলিস্তিনে ইসরাইলের বর্বরোচিত গণহত্যা, হামলা বন্ধ ও সকল ইসরাইলি পণ্য বয়কটের দাবিতে মুন্সীগঞ্জ জেলা আইনজীবী সহকারী সমিতির ব্যানারে প্রতিবাদ সভা ও মানববন্ধন করা হয়েছে।

মঙ্গলবার (১৫ এপ্রিল) দুপুর দুইটার দিকে জেলা ও দায়রা জজ আদালত প্রাঙ্গণে এ সমাবেশ- মানববন্ধন করা হয়।

জেলা আইনজীবী সহকারী সমিতির সভাপতি মো. জুবায়ের মাহমুদ ও সাধারণ সম্পাদক মো. ইমরান মোল্লার সার্বিক সহযোগিতায় এ সময় বক্তব্য রাখেন, জেলা আইনজীবী সমিতির সহ-সভাপতি অ্যাডভোকেট শফিউদ্দিন আহমেদ, আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট মো. ইব্রাহিম পারভেজ হিরা, অ্যাডভোকেট মো. আব্দুল আলিম, আইনজীবী সহকারী সমিতির উপদেষ্টা ও সিনিয়র সদস্য মো. রুহুল আমিন, আব্দুল মান্নান শেখ।

এ সময় আরোও বক্তব্য রাখেন, আইনজীবী সহকারী সমিতির কার্যকরী সদস্য মো. শাহাবুদ্দিন ও সমিতির নিয়মিত সদস্য দীপন চন্দ্র দাস।

এ সময় বক্তারা বলেন, ইসরাইলের বর্বরতা আগ্রাসনের বিরুদ্ধে ফিলিস্তিনের নিরীহ শিশু-নারী- পুরুষদের গণহত্যা বন্ধ ও ইসরাইলের পণ্য বয়কটের ঘোষণা দেন।এছাড়াও ইসরাইলের অমানবিক কর্মকান্ড, অন্যায়ের প্রতিবাদ জানান।এ সময় মুন্সীগঞ্জ জেলা আইনজীবী সহকারী সমিতির প্রায় অর্ধশতাধিক সদস্য মানববন্ধনে উপস্থিত ছিলেন।

ফিলিস্তিন গণহত্যা গাজা ইসরায়েল হামলা আইনজীবী মানববন্ধন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 03:45

URL: https://timestodaybd.com/dhaka/849580776